যুগান্তর

MAY 01 2002

তারিখ ............
পৃষ্ঠা 10 কলাম 6

# আমতলীর বগীরহাট হাইস্কুল এক সপ্তাহ ধরে তালাবদ্ধ

**আমতলী প্রতিনিধি**

আমতলী উপজেলার বগীরহাট মাধ্যমিক বিদ্যালয় এক সপ্তাহ তালাবদ্ধ থাকার পরও জটিলতা নিরসন হয়নি। সহকারী শিক্ষক তারাশংকর বেপারীকে প্রহার করায় প্রধান শিক্ষকের অপসারণের দাবিতে গত ২৩ এপ্রিল ছাত্রছাত্রীরা বিদ্যালয় চত্বরে বিক্ষোভ মিছিল করে ক্লাসকক্ষ ও লাইব্রেরিতে তালা ঝুলিয়ে দেয়। জানা গেছে গত ১৩ এপ্রিল এক ছাত্রের কাছে ১৫৫ টাকা বাকি রেখে দেয়াকে কেন্দ্র করে প্রধান শিক্ষক আব্দুল লতিফ মিয়া হাতুড়ি নিয়ে সহকারী শিক্ষক তারাশংকর বেপারীকে পিটিয়ে গুরুতর আহত করে। প্রভাবশালী মহলের চাপে তিনি মামলা করতে পারেননি।